ট্রেডিং কর্পোরেশন অব বাংলাদেশ
প্রধান কার্যালয়
সংস্থাপন শাখা
১, কাওরান বাজার, ঢাকা।
www.tcb.gov.bd

নং-২৬.০৫.০০০০.০০৫.১১.১৮৫.২৩- ১৮৬২

তারিখঃ ০৫ বৈশাখ ১৪৩১ বঙ্গাব্দ
১৮ এপ্রিল ২০২৪খ্রি.

## অফিস আদেশ

ট্রেডিং কর্পোরেশন অব বাংলাদেশ (টিসিবি) এর নিম্নলিখিত পদে সরাসরি নিয়োগের জন্য গৃহীত নিয়োগ পরীক্ষার ভিত্তিতে বিদ্যমান বিধি-বিধান অনুসরণ করে অপেক্ষমান তালিকা হতে নিম্নবর্ণিত রোল নম্বরধারী প্রার্থীদের সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে নিয়োগ প্রদান করা হলো:

**পদের নামঃ 'কম্পিউটার অপারেটর'**
বেতন স্কেলঃ ১১,০০০-২৬,৫৯০/- (জাতীয় বেতনস্কেল, ২০১৫ এর গ্রেড-১৩)।

| অপেক্ষমান মেধাক্রম | রোল নম্বর | প্রার্থী, পিতা, মাতার নাম ও জন্ম তারিখ | স্থায়ী ঠিকানা | বর্তমান ঠিকানা |
|---|---|---|---|---|
| ১ | ১১০০০৮৬১ | নাম: প্রবীন কুমার দে<br>পিতা: প্রদীপ কুমার দে<br>মাতা: শিলু রানী দে<br>জন্ম তারিখ: ১৭-০৬-১৯৯৪খ্রি. | গ্রাম: বৈলছড়ি<br>ডাকঘর: কে.বি বাজার<br>উপজেলা: বাঁশখালী<br>জেলা: চট্টগ্রাম। | গ্রাম: বৈলছড়ি<br>ডাকঘর: কে.বি বাজার<br>উপজেলা: বাঁশখালী<br>জেলা: চট্টগ্রাম। |
| ২ | ১১০০১১১১ | নাম: দেবব্রত কুমার দে<br>পিতা: প্রশান্ত কুমার দে<br>মাতা: ললিতা রানী দে<br>জন্ম তারিখ: ১৭-০৬-১৯৯৫খ্রি. | গ্রাম: বন্দবিলা<br>ডাকঘর: বন্দবিলা<br>উপজেলা: বাঘারপাড়া<br>জেলা: যশোর। | গ্রাম: বন্দবিলা<br>ডাকঘর: বন্দবিলা<br>উপজেলা: বাঘারপাড়া<br>জেলা: যশোর। |
| ৩ | ১১০০০৯২৮ | নাম: এস. এম. শাহীন আহমেদ নাজীম<br>পিতা: মোঃ হুমায়ুন কবীর<br>মাতা: শাহনাজ পারভীন<br>জন্ম তারিখ: ২৫-০৯-১৯৯৬খ্রি. | গ্রাম: পূর্ব ধামুরা<br>ডাকঘর: ধামুরা<br>উপজেলা: উজিরপুর<br>জেলা: বরিশাল। | টয়নবি সার্কুলার রোড<br>ডাকঘর: ঢাকা জিপিও<br>উপজেলা: মতিঝিল<br>জেলা: ঢাকা। |

শর্তসমূহ:

(ক) টিসিবি কর্তৃক অস্থায়ীভাবে সুপারিশকৃত প্রার্থীদের মধ্যে কোনো সময়ে কোনো যোগ্যতার বা কাগজপত্রাদির ঘাটতি ধরা পড়লে, দুর্নীতি, সনদ জালিয়াতির প্রমাণ পাওয়া গেলে, অসত্য তথ্য প্রদান করলে বা কোনো উল্লেখযোগ্য ভুলত্রুটি পরিলক্ষিত হলে উক্ত অস্থায়ীভাবে সুপারিশ বাতিল বলে গণ্য হবে। তাছাড়া ক্ষেত্র বিশেষ প্রার্থীকে ফৌজদারী আইনে সোপর্দ করা যাবে। চাকুরিতে নিয়োগের পর এরূপ কোনো তথ্য প্রকাশ পেলে বা প্রমাণিত হলে তাকে চাকুরি হতে বরখাস্ত করা ছাড়াও তার বিরুদ্ধে যে কোনো উপযুক্ত আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা যাবে।

(খ) নিয়োগপ্রাপ্ত ব্যক্তির পূর্ব কার্যকলাপ সম্পর্কে পুলিশ প্রতিবেদন সংগ্রহ করা হবে। পুলিশী তদন্ত প্রতিবেদন সন্তোষজনক না হলে এবং নিয়োগপ্রাপ্ত প্রার্থীর স্থায়ী ঠিকানা সম্পর্কে ভবিষ্যতে কোন প্রকার গরমিল প্রমাণিত হলে কোনরূপ কারণ দর্শানো ব্যতিরেকে এ নিয়োগ আদেশ বাতিল বলে গণ্য হবে;

(গ) তাঁকে ০৬ (ছয়) মাসের শিক্ষানবিশ হিসেবে কাজ করতে হবে। কর্তৃপক্ষ প্রয়োজনে উক্ত শিক্ষানবিশকাল আরো ০৬ (ছয়) মাস পর্যন্ত বর্ধিত করতে পারবে;

(ঘ) শিক্ষানবিশকালে যদি তিনি চাকুরিতে বহাল থাকার অনুপযোগী বলে বিবেচিত হন, তবে কোন কারণ দর্শানো ব্যতিরিকে তাঁকে চাকুরী হতে অপসারণ করা হবে;

(ঙ) শিক্ষানবিশকালে চাকুরি হতে ইস্তফা প্রদানে ০১ (এক) মাসের লিখিত পূর্ব-নোটিশ অথবা ০১ (এক) মাসের সমপরিমাণ বেতন এবং নিয়মিতকরণের পর চাকুরি হতে ইস্তফা প্রদানে ০৩ (তিন) মাসের লিখিত পূর্ব-নোটিশ অথবা ০৩ (তিন) মাসের সমপরিমাণ বেতন টিসিবি'র অনুকূলে জমা দিতে হবে;

(চ) তাঁকে সরকার/সংস্থা কর্তৃক নির্ধারিত প্রশিক্ষণ (যদি থাকে) সাফল্যের সাথে সম্পাদন করতে হবে;

(ছ) কোন সরকারি বা বেসরকারি দপ্তরে কর্মরত থাকলে যথাযথ কর্তৃপক্ষের নিকট হতে অব্যাহতি (Release) পত্র গ্রহণপূর্বক জমা দিতে হবে;

(জ) সরকারি বিধি-বিধান অনুযায়ী তার জ্যেষ্ঠতা নির্ধারিত হবে;

(ঝ) চাকুরিতে যোগদানকালে তাকে যোগদান পত্রের সাথে ৩০০ (তিনশত) টাকা মূল্যের নন-জুডিসিয়াল স্ট্যাম্পে এ মর্মে একটি অঙ্গীকার দাখিল করতে হবে যে, তিনি নিজের বা পরিবারের অন্যান্য সদস্যদের জন্য কোন যৌতুক নিবেন না এবং কোন যৌতুক দিবেন না;

(ঞ) The Government Servants (Conduct) Rules, ১৯৭৯ এর ১৩(১) উপবিধি অনুযায়ী তাকে সকল স্থাবর-অস্থাবর সম্পত্তির বিবরণী সম্বলিত একটি ঘোষণাপত্র চাকুরিতে যোগদানের সময় জমা দিতে হবে;

(ট) তাঁর চাকুরি টিসিবি'র নিয়োগ বিধি দ্বারা পরিচালিত হবে। তিনি টিসিবি'র নিয়োগ বিধি মোতাবেক বেতন, ভাতা ও অন্যান্য সুবিধাদি প্রাপ্য হবেন;

(ঠ) এ পদে যোগদানের জন্য স্ব-স্ব জেলার সিভিল সার্জন-এর নিকট স্বাস্থ্য পরীক্ষা করে ডোপ টেস্টের রিপোর্ট ও শারীরিক সুস্থতার সনদসহ ০১ (এক) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি দাখিল করতে হবে। স্বাস্থ্য পরীক্ষায় কোন প্রকার বিরূপ প্রতিবেদন পাওয়া গেলে তাঁর নিয়োগ আদেশ বাতিল বলে গণ্য হবে;

(ড) এ অফিস আদেশে সুনির্দিষ্টভাবে বর্ণিত হয়নি, এ ক্ষেত্রে তার চাকুরি সংক্রান্ত বিষয়ে সংস্থা/সরকারের প্রচলিত বিধি-বিধান ও আদেশ প্রযোজ্য হবে এবং সরকার কর্তৃক ভবিষ্যতে প্রণীতব্য বিধি-বিধান ও আদেশ অনুসারে তাঁর চাকুরি নিয়ন্ত্রিত হবে;

(ঢ) প্রকাশিত ফলাফলে কোন উল্লেখযোগ্য ভুলত্রুটি পরিলক্ষিত হলে তা সংশোধনের ক্ষমতা টিসিবি কর্তৃপক্ষ সংরক্ষণ করে;

(ণ) উল্লিখিত শর্তাবলী তার নিকট গ্রহণযোগ্য বিবেচিত হলে তাকে **আগামী ০২ মে ২০২৪খ্রি. তারিখ** পরিচালক (প্রশাসন ও অর্থ), টিসিবি, ঢাকা বরাবর যোগদানের জন্য অনুরোধ করা হলো। নির্ধারিত তারিখে চাকুরিতে যোগদান না করলে তিনি চাকুরিতে যোগদান করতে সম্মত নন বলে ধরে নেওয়া হবে এবং তার নিয়োগ আদেশ বাতিল বলে গণ্য হবে; এবং

(ত) চাকুরিতে যোগদানের জন্য কোন প্রকার দৈনিক ভাতা/যাতায়াত ভাতা প্রদান করা হবে না।

২। এ নিয়োগ আদেশ জনস্বার্থে জারি করা হলো এবং তা যোগদানের তারিখ হতে কার্যকর হবে।


(মোঃ আবুল হাসনাত চৌধুরী)
অতিরিক্ত পরিচালক (প্রশাসন)
ফোনঃ ০২-৫৫০১৪২৭১
ই-মেইলঃ tcbsecretary@tcb.gov.bd


নং-২৬.০৫.০০০০.০০৫.১১.১৮৫.২৩- ১৮৫২

তারিখঃ ০৫ বৈশাখ ১৪৩১ বঙ্গাব্দ / ১৮ এপ্রিল ২০২৪খ্রি.

<u>অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো:</u>

১. চেয়ারম্যান, টিসিবি, ঢাকা।
২. পরিচালক (প্রশাসন ও অর্থ/বাণিজ্যিক/সিএমএস এন্ড এসএন্ডডি), টিসিবি, ঢাকা।
৩. অতিরিক্ত পরিচালক (বাণিজ্যিক/সিএমএস এন্ড এসএন্ডডি/অর্থ ও হিসাব), টিসিবি, ঢাকা।
৪. যুগ্ম পরিচালক (সংস্থাপন), টিসিবি প্রধান কার্যালয়, ঢাকা।
৫. কম্পিউটার প্রোগ্রামার, টিসিবি, ঢাকা। (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
৬. সহকারী পরিচালক (বেতন), টিসিবি প্রধান কার্যালয়, ঢাকা।
৭. জনাব ..........................................................................।
৮. অফিস কপি/ মাস্টার ফাইল।


(মোঃ আবুল হাসনাত চৌধুরী)
অতিরিক্ত পরিচালক (প্রশাসন)